ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-১৮৪৪

আগরতলা, ২১ জুলাই, ২০২৫

**প্রকাশিত সংবাদের স্পষ্টিকরণ**

গত ১৭ জুলাই, ২০২৫ তারিখে দৈনিক সংবাদ পত্রিকায় "কলবুক ছাড়াই চলছে অফিসগুলিতে কর্মকাণ্ড" শিরোনামে প্রকাশিত সংবাদটি অর্থ দপ্তরের নজরে এসেছে। এবিষয়ে দপ্তর থেকে এক স্পষ্টিকরণে জানানো হয়েছে যে প্রকাশিত সংবাদটি প্রকৃত তথ্য বর্জিত ও বিভ্রান্তিকর।

স্পষ্টিকরণে আরও জানানো হয়েছে, ডেলিগেশন অব ফাইন্যান্সিয়াল পাওয়ার্স রুলস, ত্রিপুরা (DFPRT), ২০১৯ গত কয়েক বছরে মোট আটবার সংশোধিত হয়েছে, যার মধ্যে সবচেয়ে সাম্প্রতিক অষ্টম সংশোধনটি ১৯ জুন, ২০২৫ তারিখে রাজ্য গেজেটের মাধ্যমে জারি করা হয়েছে। প্রতিটি সংশোধন সময়োপযোগী প্রশাসনিক, আর্থিক ও কার্যকরী প্রয়োজনে করা হয়েছে। এসব সংশোধন সরকারি কাজকর্মের দ্রুত, স্বচ্ছ ও দক্ষ বাস্তবায়ন এবং জনসেবার যথাসময়ে প্রদান নিশ্চিত করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। DFPRT-এর ধারাবাহিক পরিমার্জন সরকারের সুশাসন, প্রশাসনিক সক্রিয়তা ও ইজ অব ডুয়িং বিজনেস এর প্রতি দায়বদ্ধতাকে যথাযথভাবে প্রতিফলিত করে।

সংবাদ প্রতিবেদনে উল্লেখ রয়েছে যে, আধিকারিকরা উপযুক্ত TA/DA বা হালনাগাদ নির্দেশনা ছাড়াই কাজ করছেন—তা সর্বাংশে বিভ্রান্তিকর ও ভিত্তিহীন। DFPRT এবং সংশ্লিষ্ট নির্দেশাবলী নিয়মিতভাবে হালনাগাদ করা হয়েছে, যার মধ্যে রয়েছে মুদ্রাস্ফীতির ভিত্তিতে সমন্বয়, আধুনিক প্রশাসনিক অনুশীলন ও ডিজিটাল গভর্নেন্স সংক্রান্ত বিধান, যা বিশেষত ক্ষেত্রপর্যায়ে কর্মরত কর্মকর্তাদের যথাযথ দিকনির্দেশনা প্রদান করে।

এছাড়াও, ফাইল গতি ও দাপ্তরিক যোগাযোগের প্রক্রিয়া বর্তমানে একটি কাঠামোবদ্ধ পদ্ধতিতে ডিজিটাল প্ল্যাটফর্মে রূপান্তরিত হচ্ছে, যা রাজ্যের ই-গভর্নেন্স উদ্যোগের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ। এই রূপান্তর চলাকালীন কোনো সাময়িক লজিস্টিক্যাল সমস্যা দেখা দিলে তা পরিকল্পিত ও পদ্ধতিগতভাবে সমাধান করা হচ্ছে। প্রশাসনিক কাজকর্ম অবৈধ বা অনুমোদনহীনভাবে পরিচালিত হচ্ছে—এইরূপ ধারণা পোষণ ও প্রকাশ করাটা চলমান সংস্কার ও দায়বদ্ধতা প্রতিষ্ঠার প্রচেষ্টাকে অগ্রাহ্য করে যা কাম্য নয়।

অর্থ দপ্তর আবারও পুনর্ব্যক্ত করছে যে, প্রশাসনিক কাজের নিরবিচ্ছিন্নতা, প্রক্রিয়াগত স্বচ্ছতা ও জনসেবা প্রদানের ধারাবাহিকতা বজায় রাখতে দপ্তর অঙ্গীকারবদ্ধ এবং যেকোনো প্রাসঙ্গিক সমস্যা সুনির্দিষ্ট পরিকল্পনার মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে সমাধান করা হচ্ছে ও আগামী দিন হবে।

******